গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
**জাতীয় মহিলা সংস্থা**
জেলা কার্যালয়, দিনাজপুর।

# (প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি)

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন জাতীয় মহিলা সংস্থা, দিনাজপুর জেলা কার্যালয়ের অধীনে ২০২৬-২০২৭ অর্থ বছরের বিদ্যমান **"সেলাই ও এমব্রয়ডারী"** (জুলাই, ২০২৬ খ্রি. হতে অক্টোবর, ২০২৬ খ্রি. পর্যন্ত) ০৪ (চার) মাস মেয়াদী প্রশিক্ষণ কোর্সে ৬৫ তম ব্যাচে ভর্তির জন্য সংশ্লিষ্ট জেলার আগ্রহী শিক্ষিত, অর্ধ শিক্ষিত, বেকার মধ্যবিত্ত, দরিদ্র, অসহায় ও দুঃস্থ মহিলাদের নিকট থেকে সংস্থার নির্ধারিত ফরমে নিম্নলিখিত শর্ত স্বাপেক্ষে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। আবেদন ফরম নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদন ফরম গ্রহণের তারিখ | :- | ১৪/০৬/২০২৬ খ্রি. হতে ১৬/০৬/২০২৬ খ্রি.।<br>(সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত) |
| ২। | আবেদন ফরম জমা দেওয়ার শেষ তারিখ | :- | ১৭/০৬/২০২৬ খ্রি., বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত। |
| ৩। | সাক্ষাৎকার গ্রহণের তারিখ | :- | ২৪/০৬/২০২৬ খ্রি., সকাল ১২.৩০ ঘটিকা (নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়) |
| ৪। | ফল প্রকাশ | :- | ২৫/০৬/২০২৬ খ্রি., সকাল ১২:০০ (নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়) |
| ৫। | নির্বাচিত প্রশিক্ষণার্থীদের ক্লাস শুরু | :- | ০১/০৭/২০২৬ খ্রি.। |

**শর্তসমূহঃ**

১। আবেদনকারীকে কমপক্ষে ৫ম শ্রেণী পাশ হতে হবে।
২। আবেদনকারীর বয়স কমপক্ষে ১৮ বছর হতে ৪৫ বছর পর্যন্ত হতে হবে।
৩। ভর্তির আবেদন ফরমের সাথে আবেদনকারীর ২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং পিতা/মাতার ভোটার আইডির ফটোকপি জমা দিতে হবে।
৪। প্রশিক্ষণার্থীকে সংস্থা কর্তৃক আয়োজিত সরকারি বিভিন্ন কার্যক্রমে (সরকারী/জাতীয় দিবস সমূহ/সমাবেশ,সরকারী অনুষ্ঠান ইত্যাদি) অংশ গ্রহণ করতে হবে।
৫। প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষার্থী সংস্থার নিয়ম শৃংখলা পরিপন্থি কোনো কাজ করলে তার ভর্তি বাতিল করা হবে।
৬। প্রশিক্ষণার্থীকে সংস্থার সকল নীতিমালা ও শর্তসমূহ অবশ্যই মেনে চলতে হবে।
৭। মৌখিক স্বাক্ষাৎকারে অংশ গ্রহণকারীদের কোনো টিএ/ডিএ অথবা কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।
৮। কেবল মাত্র চুড়ান্তভাবে নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে প্রতিদিন উপস্থিতির জন্য সরকার নির্ধারিত হারে উপস্থিতি ভাতা প্রদান করা হবে।
৯। ভর্তি সংক্রান্ত যে কোনো সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৭/০৬/২০২৬
মোঃ নাজমুল আহসান চৌধুরী
জেলা কর্মকর্তা
জাতীয় মহিলা সংস্থা
জেলা কার্যালয়, দিনাজপুর।

স্মারক নং-৩২.০২.২৭০০.০০০.২৫.০২২.১৪-২৬/৩৯২ তারিখ:-০৭/০৬/২০২৬ খ্রি.।

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় মহিলা সংস্থা, প্রধান কার্যালয়, ঢাকা (সদয় জ্ঞাতার্থে)।
২। জেলা প্রশাসক ও চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, দিনাজপুর (সদয় জ্ঞাতার্থে)।
৩। পুলিশ সুপার, দিনাজপুর (সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধে)।
৪। প্রশাসক, দিনাজপুর পৌরসভা, দিনাজপুর (সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধে)।
৫। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), দিনাজপুর (সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধে)।
৬। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর (সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধে)।
৭। সিনিয়র তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, দিনাজপুর (সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধে)।
৮। নোটিশ বোর্ড

০৭/০৬/২০২৬
জেলা কর্মকর্তা
জাতীয় মহিলা সংস্থা
জেলা কার্যালয়, দিনাজপুর।